গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বিরামপুর,দিনাজপুর।

স্মারক নং-৩৭.০২.২৭১০.০০০.০০.০১৯.২১-১৬৯/১ তারিখ : ০৩/১০/২০২১ খ্রি.

## সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী আগামী ০৫ অক্টোবর'২০২১ খ্রি. রোজ মঙ্গলবার সকাল ০৯.৩০ মিনিটে মোঃ মেজবাউল ইসলাম মন্ডল, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।
আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ
১। বিগত সভার রেজুলেশন পর্যালোচনা ও অনুমোদন।
২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প চিহ্নিতকরণ,প্রস্তাবনা তৈরি ও জমাকরন।
৩। বিবিধ।

03/10/2021
(নূর আলম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
বিরামপুর, দিনাজপুর।

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
৩। ______________________________ (সদস্য)
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভায় উপস্থিত সদস্যগনের হাজিরা
বিরামপুর, দিনাজপুর।

তারিখঃ ০৫ অক্টোবর'২০২১ খ্রি.

| ক্রঃনং | নাম | পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মেজবাউল ইসলাম মন্ডল | ভাইস-চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর। | |
| ২ | মোঃ নাজির হোসেন | চেয়ারম্যান,<br>২ নংকাটলা ইউনিয়ন পরিষদ,<br>বিরামপুর, দিনাজপুর। | |
| ৩ | মোঃ ইয়াকুব আলী | চেয়ারম্যান,<br>৩ নং খানপুর ইউনিয়ন পরিষদ,<br>বিরামপুর, দিনাজপুর। | |
| ৪ | মোঃ শহিদুল ইসলাম | চেয়ারম্যান,<br>৫ নং বিনাইল ইউনিয়ন পরিষদ,<br>বিরামপুর, দিনাজপুর। | |
| ৫ | নূর আলম | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>বিরামপুর, দিনাজপুর। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বিরামপুর,দিনাজপুর।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ০৫ অক্টোবর'২০২১ খ্রি.।
সময় : সকাল ০৯.৩০ মিনিট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট—ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় নিশ্চিত করা হয়।

২ নং আলোচ্য বিষয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচ্য সার-সংক্ষেপ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ (উঁচু ও নীচু) বিতরণ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, বিরামপুর উপজেলার মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার্থী তুলনায় বেঞ্চের পরিমান কম। এ কারণে শিক্ষার্থীদের খুব কষ্টে চাপাচাপি করে বসতে হয়। এর ফলে তারা ক্লাসে মনযোগী হতে পারে না। তাই তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে মাধ্যমিক স্ত্ররের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বেঞ্চ (উঁচু ও নীচু) দেওয়ার প্রস্তাব করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বেঞ্চ (উঁচু ও নীচু) বিতরনের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটির নিকট লিখিত প্রস্তাবনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় " মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও মাল্টিমিডিয়া বিতরণ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রধান কারিগর হলো আজকের শিক্ষার্থীরা। আর এর জন্য প্রয়োজনীয় উপাদান হলো কম্পিউটার সহ মাল্টিমিডিয়া। উপজেলার বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে এ গুলির সংকট রয়েছে এর ফলে শিক্ষার্থীদের মাঝে আইসিটি বিষয়ে পাঠদানে সমস্যা সৃষ্টি হচ্ছে।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া দেওয়ার প্রস্তাব করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরনের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটির নিকট লিখিত প্রস্তাবনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |

৩। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মেজবাউল ইসলাম মন্ডল)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-৩৭.০২.২৭১০.০০০.০০.০১৯.২১-১৭০/১

তারিখ : ০৫/১০/২০২১ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
৩. ______________________________ (সদস্য)
৪. অফিস কপি।

(নূর আলম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
ও
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
বিরামপুর, দিনাজপুর।